যুগান্তর

তারিখ ..2.9 .OCT...2015. ...
পৃষ্ঠা ...৩... ... কলাম ....৮ ......

# জাতীয় পতাকা না উড়লে ওই শিক্ষা প্রতিষ্ঠানে তালা

## —— মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী

**ঠাকুরগাঁও প্রতিনিধি**

যে শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উড়ানো হয় না, জাতীয় সংগীতও পরিবেশন করা হয় না ওই শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে স্থানীয় প্রশাসন ব্যবস্থা না নিলে ওই প্রতিষ্ঠান আপনারাই পুড়িয়ে দিন। যদি তা সম্ভব না হয় তাহলে তালা ঝুলিয়ে দিন। মুক্তিযোদ্ধাদের প্রতি এ আহ্বান জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি। বুধবার ঠাকুরগাঁও জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন তিনি।

মুক্তিযোদ্ধাদের উদ্দেশে মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি আরও বলেন, অস্ত্র জমা দিয়েছেন কিন্তু ট্রেনিং জমা দেননি। তাই মুক্তিযোদ্ধাদের ন্যায়সংগত অধিকার প্রতিষ্ঠা করতে হবে এবং অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। জেলা মুক্তিযোদ্ধা সংসদ ইউনিটের কমান্ডার জিতেন্দ্রনাথ রায়ের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য দেন সংসদ সদস্য রমেশ চন্দ্র সেন, সংসদ সদস্য দবিরুল ইসলাম, জেলা প্রশাসক মুকেশ চন্দ্র বিশ্বাস প্রমুখ। জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন উদ্বোধন ও আলোচনা শেষে মন্ত্রী বালিয়াডাংগী, রানীশংকৈল ও পীরগঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন উদ্বোধন করেন। এর পর তিনি পঞ্চগড়ের উদ্দেশে রওয়ানা দেন।